

স্কলাসটিকা

ক্ষুদে বিজ্ঞানীর মেলা



গোলাম কিবরিয়া

সময়ের সঙ্গে তথ্যবিজ্ঞান ও প্রযুক্তির কল্যাণে মানবসভ্যতার ব্যাপক উন্নতি সাধন হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি এই অগ্রগতিকে কাজে লাগিয়ে উন্নত বিশ্ব বিভিন্ন দেশ নিজেদের অর্থনীতিকে করেছে সমৃদ্ধ। বাংলাদেশ ও পিছিয়ে নেই। আর এই অগ্রগতিকে সামনে আরো এগিয়ে নেয়ার জন্য প্রয়োজন এর সঙ্গে তরুণ শিক্ষার্থীদের সযত্নে আর এমনই সময় স্কলাসটিকার শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত হয়ে গেল স্কলাসটিকা আন্তঃস্কুল বিজ্ঞান ও প্রযুক্তি মেলা -২০১৪।

স্কলাসটিকা আন্তঃস্কুল বিজ্ঞান ও প্রযুক্তি মেলা ২০১৪ গত ১৩ ও ১৪ ফেব্রুয়ারি স্কলাসটিকার সিনিয়র সেকশন উত্তরায় অনুষ্ঠিত হয়। চতুর্থ থেকে ষাটশ শ্রেণীর প্রায় ৪০০ শিক্ষার্থী স্কলাসটিকার এসটিএম হল এবং ক্যাফেটেরিয়ায় ৮০টিরও বেশি প্রকল্প প্রদর্শন করে।

স্কলাসটিকার সিনিয়র সেকশন উত্তরা ছাড়াও এর মিরপুর ক্যাম্পাস এবং সাউথ ব্রিজ স্কুলও এ মেলায় অংশগ্রহণ করে। শিক্ষার্থীরা নতুন নতুন অনেক প্রজেক্ট ওই মেলায় প্রদর্শন করে। স্কলাসটিকা চ্যাম্পিয়ন স্কুল হিসেবে নির্বাচিত

হয় এবং রানারআপ স্কুল হিসেবে বিবেচিত হয় সাউথ ব্রিজ। বিভিন্ন মদ এবং শ্রেণীর ভিত্তিতে তরুণ বিজ্ঞানীদের তাদের চমৎকার প্রজেক্টগুলোর জন্য পুরস্কৃত করা হয়। এ মেলায় বিভিন্ন নিতানতুন প্রকল্প ছিল। মেলায় প্রদর্শনীতে প্রজেক্টগুলো দেখতে আসা শিক্ষার্থী ও অভিভাবকদের নজর কেড়েছিল।

অনেকেই অভিভূত হয়েছিলেন ক্ষুদে বিজ্ঞানীদের এই প্রজেক্টগুলো দেখে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এবং মলিকিউলার বায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ইশতিয়াক মাহমুদ প্রধান অতিথি ও প্রধান বিচারক হিসেবে মেলায় উপস্থিত ছিলেন এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এবং মাইক্রো বায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক এবং চেয়ারম্যান ড. আবদুল খালেক বিচারক ও বিশেষ অতিথি ছিলেন। স্কলাসটিকার সিনিয়র সেকশনের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল (অব.) কামসার আহমেদের সভাপতিত্বে মেলাটি অনুষ্ঠিত হয়।

আয়োজন